# প্রতিবন্ধী অধিকার বিল দ্রুত পেশের দাবিতে সংসদ অভিযান

আই এন এন : নয়াদিল্লি, ৩রা ডিসেম্বর – প্রতিবন্ধী মানুষের অধিকার সংক্রান্ত বিলটিতে সংশোধনী এবং অবিলম্বে সেটি সংসদে আলোচনার জন্য পেশ করতে হবে। বৃহস্পতিবার এই দাবিতে রাজধানীর পথে বিশাল প্রতিবাদ মিছিলে শামিল হলেন প্রতিবন্ধীরা। এদিন ছিল বিশ্ব প্রতিবন্ধী দিবস। প্রতিবন্ধীদের অধিকারের জন্য জাতীয় মঞ্চের আহ্বানে এদিন দশ হাজার মানুষ সংসদ অভিযানে পথে নামেন। তাঁরা দাবি করেন আর পি ডি বিলটি দ্রুত সংসদে পেশ করতে হবে আলোচনার জন্য। এদিন প্রতিবন্ধীদের অধিকারের জন্য জাতীয় মঞ্চ (এন পি আর ডি), ন্যাশনাল ফেডারেশন অব ব্লাইন্ড (এন এফ বি) এবং ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ব্লাইন্ড সংগঠনগুলির পক্ষ থেকে যৌথ বিবৃতিতে বলা হয়েছে, গত ইউ পি এ সরকারের শেষের দিকে প্রতিবন্ধী বিল, ২০১৪ বিলটি পেশ করা হয়। কিন্তু প্রতিবন্ধী মানুষের অধিকারের জন্য বিলটি পরে সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন মন্ত্রকের স্ট্যান্ডিং কমিটিতে পাঠিয়ে দেওয়া হয়। কমিটি বেশ কয়েক মাস আগেই তাদের রিপোর্ট জমা দিয়েছে। কিন্তু সেই বিলটি এখনো সংসদে আলোচনার জন্য পেশ করা হয়নি। বি জে পি সরকার তার কোনো ব্যাখ্যাও দেয়নি। হাজার হাজার প্রতিবন্ধী মানুষ সরকারের এই উদাসীন আচরণের বিরুদ্ধে মিছিলে জোরালোভাবে মুখর হয়েছেন।

এদিন সংগঠনগুলির পক্ষে সংসদ অভিযানের পরে সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন মন্ত্রী থাওয়ার চাঁদ গেহলটের কাছে স্মারকলিপি দেওয়া হয়। এন পি আর ডি-এর তরফে কান্তি গাঙ্গুলি, এন এফ বি-এর পক্ষে এস কে রুংতা এবং ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ব্লাইন্ড-এর পক্ষে দীপেন্দ্র মানোচা জানিয়েছেন, এদিন তাঁরা রাষ্ট্রপতির কাছেও তাঁদের দাবিগুলি জানানোর জন্য দেখা করবেন। এদিন সংসদ অভিযানের শেষে বিভিন্ন সংগঠনের পক্ষে বক্তারা দ্রুত সংশোধিত বিলটি সংসদে পেশ করার দাবি জানিয়ে বক্তব্য রাখেন। প্রতিবন্ধী মানুষের দাবির প্রতি সমর্থন এবং সংহতি জানান সি পি আই (এম) নেত্রী বৃন্দা কারাত।

বৃন্দা কারাত বলেন, পশ্চিমবঙ্গের দূরতম প্রান্ত থেকে প্রতিবন্ধকতা এবং কষ্ট উপেক্ষা করে দিল্লিতে আসার জন্য অভিবাদন জানান। তিনি বলেন, এন পি আর ডি তৈরি হওয়ায় প্রতিবন্ধীদের আন্দোলন এক নতুন মাত্রা পেয়েছে। নিজেদের অধিকারের জন্য এখন আর করুণার অপেক্ষা নয় প্রতিবন্ধীরা লড়াই এবং সংগ্রাম করছেন। সরকারী ক্লিনিক এবং হাসপাতালে প্রতিবন্ধীরা যে ধরনের সমস্যার সম্মুখীন হন, তার সমাধানে কোনো উপায় বের করতে হবে। তিনি বলেন, সরকারী যানবাহনেও একই সমস্যার সম্মুখীন হন প্রতিবন্ধীরা। বৃন্দা কারাত স্পষ্ট করেই জানান, অতীতেও সি পি আই (এম) সাংসদরা প্রতিবন্ধীদের দাবিদাওয়া নিয়ে সোচ্চার হয়েছেন। আগামী দিনেও তাঁরা প্রতিবন্ধীদের অধিকারের জন্য লড়াই করবেন।

সমাবেশে কান্তি গাঙ্গুলি বলেন, পূর্ববর্তী বিলটির আওতায় মাত্র ২০শতাংশ প্রতিবন্ধী মানুষ আসতেন। তিনি বলেন, বর্তমান বিলটিতে প্রতিবন্ধীদের সমস্ত অংশকে এর আওতায় আনতে হবে। বিলটি সংসদে পাশ করার আগে তা নিয়ে বিস্তারিত আলোচনার দাবি করে কান্তি গাঙ্গুলি বলেন, যদি প্রতিবন্ধীদের দাবিদাওয়া মানা না হয়, তাহলে আরো তীব্র থেকে তীব্রতর আন্দোলন গড়ে তোলা হবে।




*প্রতিবন্ধীদের সংসদ অভিযানের সমাবেশে বক্তব্য রাখছেন বৃন্দা কারাত। বৃহস্পতিবার দিল্লির যন্তরমন্তরে।* *ছবি: কে বাসুদেবন*

Close

Print